# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ঃ ০৫(২২)জাতীঃবিঃ/পরীঃ/পার্ট-৪/২০১৪/৪৪৩৮ তারিখ ঃ ২৯/০৭/২০২৫ খ্রিঃ

## উত্তরপত্র মূল্যায়নের নির্দেশাবলী ঃ

১। উত্তরপত্র গ্রহণের সময় পরীক্ষক পরীক্ষার বিষয়, কোর্স কোড ও বিষয় কোড উত্তরপত্রের সংখ্যা অবশ্যই মিলিয়ে নিবেন।

২। ভুলবশতঃ নির্ধারিত বিষয় বা কোর্স কোডের স্থলে অন্য কোন বিষয় ও কোর্সের উত্তরপত্র পাওয়া গেলে সঙ্গে সঙ্গে জনাব মোঃ শামীম আহমেদ, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স ৪র্থ বর্ষ), জাতীয় বিশ্ববিদ্যালয়'কে (মোবাইল ঃ ০১৩১৩-০৫২৩৬১) অবহিত করতে হবে এবং জরুরী ভিত্তিতে তা প্রেরণ করতে হবে।

৩। উত্তরপত্র গ্রহণের পরপরই নির্ধারিত প্রধান পরীক্ষককে টেলিফোনে উত্তরপত্র গ্রহণের বিষয়টি জানাতে হবে।

৪। সকল উত্তরপত্রের OMR ফরমের নির্ধারিত ঘরে এবং কভার পৃষ্ঠায় কালো বলপেন দিয়ে বিষয়কোড, পরীক্ষক কোড ও উত্তরপত্রের ক্রমিক নম্বর ও প্রাপ্ত নম্বর অবশ্যই লিখতে হবে এবং সে অনুযায়ী নির্ধারিত বৃত্ত (●) ভরাট করতে হবে।

৫। লাল বলপেন দিয়ে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে। একই সাথে প্রতিটি প্রশ্নের প্রাপ্ত নম্বর উত্তরপত্রের ভেতরে লাল কালিতে স্পষ্টভাবে লিখতে হবে এবং মোট প্রাপ্ত নম্বর উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় লিখতে হবে। ভুল উত্তরের নিচে লাল কালিতে চিহ্নিত করতে হবে। OMR এর নিচের অংশে কালো বলপেন দিয়ে বিষয়কোড, পরীক্ষক কোড, প্রধান পরীক্ষকের কোড, উত্তরপত্রের ক্রমিক নম্বর এবং প্রশ্নের উত্তর অনুযায়ী প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৬। উত্তরপত্র মূল্যায়ণ কাজ ২১ (একুশ) দিনের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকের নিকট হাতে হাতে উত্তরপত্র পৌছাতে হবে।

৭। যে কোন জরুরী প্রয়োজনে প্রধান পরীক্ষক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করবেন।

৮। উত্তরপত্র গ্রহণ, মূল্যায়ন এবং প্রধান পরীক্ষকের নিকট প্রেরণের কাজটি নির্ধারিত সময়ের মধ্যে অত্যন্ত সতর্কতা ও গোপনীয়তার সাথে সম্পন্ন করবেন।

৯। উত্তরপত্র মূল্যায়নে অপারগতা পোষণ করলে SMS পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবশ্যই জানাতে হবে।


(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd


F:\EXAM-2023\ANSWER SCRIPT DISTRIBUTION-2023\Nirdesonaboli.docx